

আপনি কি জানতেন?

সকল ব্যক্তির জন্য আইন অনুযায়ী প্রযোজ্য অধিকার হল সুরক্ষা এবং স্বাধীনতা যা প্রত্যেক ব্যক্তিকে মর্যাদার সাথে বাঁচা এবং সামাজিক কার্যক্রমে অংশগ্রহণে নিশ্চিত করে। ভারতীয় সংবিধানে আমাদের মৌলিক অধিকারগুলির মধ্যে রয়েছে **সমঅধিকার, শোষণমুক্ত, জীবন-যাপনের অধিকার** এবং অন্যান্য। একইভাবে, বিভিন্ন আইন ডিজিটাল নাগরিক অর্থাৎ ইন্টারনেটের নাগরিক হিসেবে আমাদের অধিকার নিশ্চিত করে। ডিজিটাল অধিকার একটি সাম্প্রতিক ধারণা, এবং এর দ্বারা বোঝায় ইন্টারনেট এবং প্রযুক্তি ব্যবহার করার সময় আমাদের সকলের স্বাধীনতা এবং সুরক্ষার নিশ্চয়তা। আপনার মতে ডিজিটাল অধিকারে কী কী অন্তর্ভুক্ত করা উচিত?



**গোপনীয়তার অধিকার:** প্রত্যেকেরই তাদের ব্যক্তিগত তথ্য অন্য ব্যক্তি, কোম্পানি বা সরকারের কাছ থেকে গোপন রাখার অধিকার রয়েছে।



**বাকস্বাধীনতার অধিকার:** প্রত্যেকেরই স্বাধীনভাবে, ভয় বা হস্তক্ষেপ ছাড়াই তাদের মত প্রকাশের অধিকার রয়েছে।



**সমান সুযোগ লাভের অধিকার:** লিঙ্গ, ধর্ম, শ্রেণী, অবস্থান, বর্ণ বা জাতিগত পরিচয় নির্বিশেষে প্রত্যেকেরই প্রযুক্তি এবং ইন্টারনেট ব্যবহারের সমান অধিকার রয়েছে।

এগুলো আমাদের ডিজিটাল অধিকারের কিছু অংশ।  
এমনকি আমাদের ডেটার অধিকার আছে...



**ব্যক্তিগত তথ্য সুরক্ষা অধিকার:** প্রত্যেক ব্যক্তিরই তাদের তথ্য অন্যরা - বিশেষ করে কোম্পানি এবং সরকার কীভাবে ব্যবহার করে সে সম্পর্কে জানার অধিকার রয়েছে। এর মধ্যে রয়েছে **আমাদের সম্পর্কে তাদের কাছে কী তথ্য রয়েছে তা জানা, কিভাবে এটি প্রক্রিয়াকরণ করা হয় এবং কেন এটি সংগ্রহ করা হয়েছে, এবং, তাদেরকে আমাদের ডেটা ডিলিট করার অনুরোধ করা অর্থাৎ, সরিয়ে নেওয়ার অধিকার।**

# পার্থক্য বের করুন

আপনি এই ছবির দুটির মধ্যে পার্থক্য চিহ্নিত করতে পারছেন? ডিজিটাল অধিকারের যে অনুপস্থিত উপদান হাইলাইট করা হয়েছে?



# নীতি তৈরি করুন

কল্পনা করুন আপনি সরকারের নিয়ন্ত্রণে আছেন - আপনি কি নীতি তৈরি করবেন? নীচে তালিকাভুক্ত প্রতিটি কার্যক্রম অনুমোদিত কিনা তা আপনাকে সিদ্ধান্ত নিতে হবে। নীচের মত আপনার নোটবুকে কলাম তৈরি করুন এবং আইটেমগুলি পূরণ করুন যেখানে আপনি সেগুলি দেখতে চান।



অনুমোদিত



অননুমোদিত

স্কুল 18 বছরের কম বয়সী  
শিশুদের জন্য অনুপযুক্ত  
ওয়েবসাইটগুলি নিষিদ্ধ করতে  
চায়।

অন্য সম্প্রদায়ের বিরুদ্ধে ঘৃণ্য  
মন্তব্য সহ একটি অনলাইন  
বক্তৃতা শেয়ার করা

পিতামাতা তাদের সন্তানদের  
লাইভ অবস্থান 24x7 ট্র্যাক করতে  
চান

একটি ভিডিও শেয়ারিং অ্যাপ  
মানুষের ইন্টারনেট ইতিহাস  
রেকর্ড করতে চায় যাতে তারা  
তাদের আগ্রহ অনুযায়ী ভিডিও  
সাজেস্ট করতে পারে

আপনি যে সিদ্ধান্তগুলি বেছে নিয়েছেন তা কেন আপনি নিয়েছেন? আপনার সিদ্ধান্তগুলি কি  
আপনি যে অধিকারগুলি সম্পর্কে শিখেছেন তার সাথে সাংঘর্ষিক?

আপনি কি জানতেন?

আমাদের অধিকার কেড়ে নেওয়া যায় না, তবে অন্যের অধিকারের প্রতি হুমকি বা সাংঘর্ষিক হলে এগুলি কখনও কখনও সীমাবদ্ধ করা হয়। উদাহরণস্বরূপ, একজন ব্যক্তির বাক-স্বাধীনতার অধিকার অন্যের জীবনের অধিকারকে হুমকির মুখে ফেলতে পারে। একইভাবে, নিরাপত্তার কারণে গোপনীয়তার অধিকারের সাথে আপস করা হতে পারে। নাগরিক হিসেবে, আমাদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে আমরা আমাদের অধিকারগুলি ভালভাবে বুঝি এবং দায়িত্বের সাথে আচরণ করি যেন আমাদের অধিকার সহ অন্য সকলের অধিকার সুরক্ষিত থাকে।

# আমাদের দায়বদ্ধতা



আপনি কি মেরিকে একজন ডিজিটাল নাগরিক হিসেবে তার দায়িত্ব বুঝতে সাহায্য করতে পারেন? তিনি কীভাবে নিশ্চিত করতে পারেন যে প্রত্যেকের অধিকার অনলাইনে সুরক্ষিত, যাতে ইন্টারনেট সবার জন্য নিরাপদ এবং মজাদার হয়?

তাকে সাহায্য করার জন্য এই ডিজিটাল দায়িত্বগুলিকে সজ্জিত করুন করুন!!

অন্যের গোপনীয়তা কে সম্মান করুন

হয়রানি এবং প্রতারণা রিপোর্ট করুন

ভুল তথ্য ছাড়াবেন না

ঘৃণ্যামূলক এবং হিংসাত্মক বার্তা ছাড়াবেন না

ছদ্মবেশ অন্যের ধারণ করবেন না

অন্যের আপনার ব্যাপারে পোস্টের কি পড়বে তা প্রভাব ভাবুন

সম্মান ভিন্নমতকে করুন

প্রতিষ্ঠার সমঅধিকার করুন চেষ্টা



আপনি কি সবগুলি বুঝতে পেয়েছেন?  
ইন্টারনেটকে একটি মুক্ত এবং চমৎকার স্থান  
করে তুলুন!

## পার্থক্য বের করুন



গোপনীয়  
তার  
অধিকার

ডাউনলোড



আমাদের তথ্য/ডেটায়  
অ্যাক্সেস লাভের  
অধিকার



বাকস্বাধীনতার  
অধিকার



ডিলিট করার  
অনুরোধ

সরিয়ে ফেলার  
অধিকার



সমান সুযোগ  
লাভের অধিকার

## আমাদের দায়বদ্ধতা

অন্যের গোপনীয়তাকে সম্মান করুন  
প্রতারণা ও হয়রানি রিপোর্ট করুন

ভুল তথ্য ছড়াবেন না

ঘৃণ্যামূলক ও হিংসাত্মক ম্যাসেজ ছড়াবেন না

অন্যের ছদ্মবেশ ধারণ করবেন না

আপনার পোস্টের অন্যের ব্যাপারে কি প্রভাব পড়বে তা ভাবুন

ভিন্নমতকে সম্মান করুন

প্রতিষ্ঠার সমঅধিকার করুন চেষ্টা